

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন অধিশাখা-১

নং-২০.০০.০০০০.৩০২.৩২.০২১.১০-৩০৯

তারিখঃ ২০ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ
২৬ এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ অনুযায়ী ২য় কারণ দর্শানো নোটিশ।


যেহেতু, আপনি ডাঃ ইসরাত হাফিজ (০৩১৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী প্রধান), পরিকল্পনা বিভাগ ০১.০১.২০১৭ খ্রিঃ তারিখ থেকে ছুটি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত আছেন;

০২। যেহেতু আপনার ছুটির আবেদন না মঞ্জুর করে আপনাকে ১৫/০২/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে কর্মস্থলে যোগদানের জন্য ০১/০১/২০১৭ তারিখের ২০.০০.০০০০.৩০২.৩২.০২১.১০-৫০ স্মারকমূলে নির্দেশ প্রদান করা হয়। কিন্তু আপনি কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে কর্মস্থলে যোগদান করেননি;

০৩। যেহেতু সরকারী নির্দেশ অনুযায়ী ১৫/০২/২০১৭ তারিখের মধ্যে কর্মস্থলে যোগদান না করায় এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মে অনুপস্থিত থাকায় আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) মোতাবেক অভিযোগ দায়ের পূর্বক ২৯/০৩/২০১৭ তারিখের ২০.০০.০০০০.৩০২.৩২.০২১.১০-১২৩ স্মারক ১ প্রথম কারণ দর্শানোর নোটিশ ইস্যু করা হয়;

০৪। যেহেতু আপনি ০৪/০৪/২০১৭ তারিখে প্রথম কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিল করেছেন এবং পরীক্ষান্তে কর্তৃপক্ষের নিকট উক্ত জবাব সন্তোষজনক বলে বিবেচিত হয়নি;

০৫। সেহেতু, আপনি, ডাঃ ইসরাত হাফিজ (০৩১৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী প্রধান), পরিকল্পনা বিভাগকে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ধারা ৫(২) অনুযায়ী অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার তারিখ অর্থাৎ ০১/০১/২০১৭ তারিখ থেকে চাকরি হতে কেন বরখাস্ত (Dismissal from Service) করা হবে না, অত্র নোটিশ জারির ০৩ (তিন) দিনের মধ্যে তার কারণ নিম্নস্বাক্ষরকারীর বরাবর দর্শানো। অন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। প্রকাশ থাকে যে, নির্ধারিত সময়ের মধ্যে আপনার জবাব পাওয়া না গেলে আপনার সাথে আর কোনপ্রকার যোগাযোগ ছাড়াই আপনার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।


(মোঃ জিয়াউল ইসলাম)
সচিব

Dr. Israt Hafiz (0317)
LSTM, Liverpool School of Tropical Medicine
Pembroke Place, Liverpool, L3 5QA, UK.
E-mail: israthafiz@yahoo.com

স্থায়ী ঠিকানাঃ

৫৯, পূর্ব ব্রাহ্মন্দী
ডাকঘর: নরসিংদী কলেজ, উপজেলা: নরসিংদী, জেলা: নরসিংদী।

বর্তমান ঠিকানাঃ

প্রযত্নে: জনাব শাহরিয়ার শহীদ
সহকারী কর কমিশনার
সার্কেল-২২, কর অঞ্চল-১, ঢাকার সারিকা টাওয়ার, ৮ম তলা
সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

- ০১। মুখ্য-সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ব্লক-১৩, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
০৩। অফিস কপি।